**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**16 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

**=====================================================**

(১) ভূটানে তিনদিনের সফরসূচী নিয়ে আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ বিকেলে সেদেশের রাজধানী থিম্পুতে উপস্থিত /

(২) ১৯৭১ সালে ভারতীয় সেনাবাহিনী পাকিস্তানের বিরুদ্ধে বিজয়ী হওয়ার দিনটিকে স্মরণ করে আজ ভারত ও বাংলাদেশে বিজয় দিবস উদযাপন/

(৩) রাজ্যের বেসরকারী বিদ্যালয়গুলিতে আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া শ্রেণীর ছাত্রছাত্রীদের জন্য ২৫ শতাংশ আসন সংরক্ষণ করতে গৌহাটি হাইকোর্টের নির্দেশের পরিপ্রেক্ষিতে শিক্ষা বিভাগের এই সংক্রান্ত পোর্টাল চালু/

এবং

(৪) প্রধানমন্ত্রী ন্যাশনেল ডায়ালাইসিস কার্যসূচীর অধীনে কাটিগড়া মডেল হাসপাতালে আজ নতুন ডায়ালাইসিস সেন্টারের উদ্বোধন/

---

ভূটানের রাজা জিগমে খেসার নামগিয়াল ওয়াংচুকের আমন্ত্রনে সেদেশের জাতীয় দিবস উদযাপনে অংশ নিতে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ থিম্পুতে পৌচেছেন । থিম্পুর বিমান বন্দরে আজ মুখ্যমন্ত্রীকে দেশের বৈদেশিক পরিক্রমা মন্ত্রী লিয়নপো ডি

এন ধুংগিয়েল স্বাগত জানান ।তিনদিনব্যাপী এই সফরকালে প্রতিবেশী দেশটির সংগে আসাম তথা ভারতের দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নত করার জন্য মুখ্যমন্ত্রী আলোচনায় মিলিত হবেন । এই সফর

প্রতিবেশী দেশটির সংগে আসামের পারস্পরিক বন্ধুত্ব আরো সুদৃঢ় করে তুলবে বলে যাত্রার আগে সামাজিক মাধ্যমে এক বার্তায় মুখ্যমন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------------------

১৯৭১ সালে ভারতীয় সেনাবাহিনীর সহযোগীতায় পাকিস্তানের বিরুদ্ধে মুক্তি যুদ্ধে বাংলাদেশের বিজয় সাব্যস্ত করা আজকের দিনটির স্মৃতিতে ভারত ও বাংলাদেশের সেনাবাহিনী আজ বিজয় দিবস উদযাপন করেছে । বিজয় দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দেশটির স্বাধীনতার জন্য প্রাণ আহুতি দেওয়া ভারতীয় সৈনিকদের উদ্দেশ্যে গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেছেন । এক বার্তায় শ্রী মোদী বলেন এই মহান সৈনিকদের আত্মবলিদান দেশের ইতিহাসে সোণালী অক্ষরে লেখা রয়েছে বলে উল্লেখ করে তাদের মহান ত্যাগ পরবর্তী প্রজন্মকে সবসময় উৎসাহিত করে যাবে বলে মন্তব্য করেন ।

আসামে ও আজ বিজয় দিবস উপলক্ষে সেনাবাহিনী বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে । কোকরাঝারে থাকা সেনাবাহিনীর ইক টাস্ক ফোর্স আজ এ উপলক্ষে মোটর সাইকেল র‍্যালী বের করে । ১৯৭১ সালের যুদ্ধে আত্মবলিদান দেওয়া শহীদদের ত্যাগকে সম্মান জানিয়ে এই র‍্যালীর সূচণা করেন পূর্ব কোকরাঝার আসনের বিধায়ক লরেন্স ইসলারী ।

---------------------------------------------------------------------------------------------

বাংলাদেশের তত্ত্বাবধায়ক সরকারের প্রধান ড: মহম্মদ ইউনিস আগামী বছরের শেষভাগ অথবা ২০২৬ সালের প্রথমভাগে দেশে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত করার সম্ভাবনা ব্যক্ত করেছে । বাংলাদেশের বিজয় দিবস উপলক্ষে টেলেভিশনে দেওয়া এক সাক্ষাৎকারে ড: ইউনিস বলেন যে নির্বাচনী সংস্কার আয়োগ ও সংবিধান সংস্কার আয়োগের পরামর্শের ভিত্তিতে নির্বাচনী নীতির সংশোধন করা হবে ও এরপর দেশে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে ।

উল্লেখ্য বাংলাদেশের অন্যতম প্রধান রাজনৈতিক দল - বাংলাদেশ ন্যাশনেলিষ্ট পার্টী বি এন পি দেশে নির্বাচন অনুষ্ঠিত করতে গত তিনমাস থেকে তত্ত্বাবধায়ক সরকারের ওপর চাপ সৃষ্টি করে আসছে ।

---------------------------------------------------------------------------------------------

আসামের বেসরকারী ক্ষেত্রের বিদ্যালয়গুলিতে আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া শ্রেণীর

ছাত্রছাত্রীদের জন্য ২৫ শতাংশ আসন সংরক্ষণ করার জন্যে গ্রহণ করা পদক্ষেপের অংশ হিসেবে আজ রাজ্যের শিক্ষা বিভাগ একটি পোর্টাল চালু করেছে । শিক্ষার অধিকার আইন অনুসারে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । আজ গৌহাটি হাইকোর্টে শিক্ষা বিভাগের আইনজীবি, গত ১৩ই ডিসেম্বর এই পোর্টাল চালু করা হয়েছে বলে প্রকাশ করেন । সংশ্লিষ্ট পোর্টালে বিদ্যালয় সমূহের পঞ্জীয়ন নিশ্চিত করতে বিদ্যালয়ের পরিদর্শক ও জেলা শিক্ষা আধিকারিককে নির্দেশ দেওয়া হয়েছে বলেও ঐ আইনজীবি আদালতে উল্লেখ করেন । উল্লেখ্য- শিক্ষার অধিকার আইন অনুসারে বেসরকারী বিদ্যালয়গুলিতে আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া পরিবারের ছাত্রছাত্রীদের জন্য ২৫ শতাংশ আসন সংরক্ষণ করার কথা থাকলেও একাংশ বিদ্যালয় এই নিয়ম লঙ্ঘন করছে বলে অভিযোগ উঠেছিল । এর পরিপ্রেক্ষিতে গুয়াহাটির একটি স্বেচ্ছাসেবী সংগঠন গৌহাটি হাইকোর্টে একটি জনস্বার্থ জনিত আবেদন দাখিল করেছিল । এই আবেদনের শুনানির সময় আজ শিক্ষা বিভাগ এই পোর্টাল চালু করার বিষয়ে জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা পুনরায় আসাম  বেডমিন্টন সংস্থার সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন । গতকাল গৌহাটীতে অনুষ্ঠিত আসাম বেডমিন্টন  সংস্থার বার্ষিক সাধারণ সভায় সংস্থাটির নতুন কার্যনির্বাহক সমিতি গঠন করা হয় । সে অনুযায়ী ওমর রশিদকে পুনরায় সম্পাদক হিসেবে মনোনীত করা সহ  গৌতম মহন্তকে কোষাধক্ষ হিসেবে মনোনীত করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী ন্যাশনেল ডায়ালাইসিস কার্য্যসূচীর অধীনে কাছাড় জেলার কাটিগড়া মডেল হাসপাতালে নতুন ডায়ালাইসিস সেন্টারের উদ্বোধন করা হয়েছে । উত্তর শ্রীভূমির বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ এবং জেলা আয়ুক্ত মৃদুল যাদব আজ যৌথভাবে এই ডায়ালাইসিস সেন্টারের উদ্বোধন করেছেন । এ উপলক্ষ্যে আয়োজিত সভায় বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক শ্রীপুরকায়স্থ বলেন ডায়ালাইসিস সেন্টার শুধুমাত্র একটি পরিকাঠামো নয় , এটি কিডনী রোগীদের জন্য একটি জীবন রেখা শ্রী পুরকায়স্থ আরো বলেন যে  সরকার প্রত্যন্ত অঞ্চলে স্বাস্থ্য পরিষেবা পৌছে দিতে অঙ্গীকারবদ্ধ । জেলা আয়ুক্ত শ্রী যাদব বলেন যে এখানে বিনামূল্যে ডায়লোসিস পরিষেবা প্রদান করা হবে । যা রোগী ও তার পরিবারের আর্থিক সংকট অনেকটা লাঘব করবে । সভায় বক্তব্য রাখতে গিয়ে যুগ্ম সঞ্চালক ডক্টর আশুতোষ বর্মন বলেন যে অ্যাপলো হাসপাতাল এন্টারপ্রাইজ লিমিটেডের সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে এই কেন্দ্রটি পরিচালিত হবে ।

এখানে প্রতিদিন তিন শিফটে নয়জন রোগীকে পরিষেবা প্রদান করা হবে ডক্টর বর্মন জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলাকে উন্নয়নের রোল মডেল হিসেবে গড়ে তোলার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের ঐক্যবদ্ধভাবে কাজ করে যাবার আহ্বান জানিয়েছেন রাজ্যের ক্রীড়া, যুবকল্যাণ ও সংখ্যালঘু উন্নয়ন দপ্তরের মন্ত্রী নন্দিতা গারলোসা । আজ শিলচরে জেলা আয়ুক্তের সভাকক্ষে অনুষ্ঠিত এক উচ্চপর্যায়ের পর্যালোচনা সভায় শ্রীমতি গারলোসা এই কথা বলেন । এই সভায় রাজ্যসরকারের পরিকাঠামো উন্নয়ন ও ক্রীড়াক্ষেত্রের নতুন দিশা নির্ধারণ সংক্রান্ত গুরুত্বপূর্ণ প্রকল্প এবং উন্নয়ন পরিকল্পনা নিয়ে পর্যালোচনা করা হয় । পরিকাঠামো উন্নয়নে শিলচরের ঐতিহ্যবাহী আবর্ত ভবন সংস্কারের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয় । ভবনটির ঐতিহ্যের মর্যাদা বজায় রেখে আধুনিক সুযোগ সুবিধাযুক্ত করে এর সংস্কারের প্রস্তাব এই সভায় অনুমোদন করা হয় । এছাড়া ই পি সি-মোড-১ এর আওতায় শিলচরে সমন্বিত জেলা আয়ুক্তের কার্যালয়ের নির্মাণ প্রকল্পের অগ্রগতি নিয়েও আলোচনা করা হয়। ক্রীড়াক্ষেত্রে কাছাড় জেলার নতুন সম্ভাবনার বিষয়ে তুলে ধরতে- লক্ষ্মীপুরে একটি ইন্ডোর স্পোর্টস স্টেডিয়াম নির্মাণ এবং ধলাই বিধানসভা এলাকার ধোয়ারবন্দে একটি মিনি স্টেডিয়াম তৈরির পরিকল্পনার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় । স্থানীয় খেলোয়াড়দের প্রশিক্ষণ প্রদান ও তাদের প্রতিভা বিকাশে এই প্রকল্পগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে সভায় আশা প্রকাশ করা হয় । এছাড়া সভায় কাছাড়ের জেলা স্টেডিয়ামটির আধুনিকীকরণের প্রথম পর্যায়ের কাজ শুরু করার পরিকল্পনায় অনুমোদন জানানো হয় । এই কাজ সম্পন্ন হলে জেলার ক্রীড়া পরিকাঠামোকে জাতীয় স্তরের দিকে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব হবে বলেও সভায় আশা প্রকাশ করা হয় । শ্রীমতি গারলোসা সভায় বক্তব্য রাখতে গিয়ে আরো বলেন যে- কাছাড় জেলার উন্নয়ন সম্ভাবনা অপরিসীম । সঠিক পরিকল্পনা ও দৃঢ় সহযোগিতার মাধ্যমে আমরা একটি সমৃদ্ধ ভবিষ্যতের দিকে এগিয়ে যাচ্ছি বলেও তিনি মন্তব্য করেন । তিনি আরো বলেন যে- কাছাড় জেলার উন্নয়ন ও পরিকাঠামো সংস্কারের প্রকল্পগুলিকে এমনভাবে প্রস্তুত করা হয়েছে যাতে অতীত ঐতিহ্যকে সম্মান জানিয়ে ভবিষ্যত প্রজন্মের স্বপ্ন পূরণ করা সম্ভব হয় । জেলার বেশকিছু উন্নয়নমূলক কাজ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করায় তিনি সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন । আজকের এই সভায় ধলাইয়ের বিধায়ক নীহার রঞ্জন দাস, কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব, জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে সহ অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

---

আসাম সরকারের ‘বিকাশের বারোদিন’ শীর্ষক কার্যসূচীর আওতায় আজ হাইলাকান্দি জেলার মাইক্রো ফাইন্যান্সের সুবিধা প্রাপকদের মধ্যে সাহায্য বিতরণ, খাদ্য প্রক্রিয়াকরণের জন্য ক্ষুদ্র শিল্পোদ্যমীদের মধ্যে সরকারী সাহায্য বিতরণ এবং প্রাকৃতিক দুর্যোগের ফলে ক্ষতিগ্রস্ত পরিবারগুলির মধ্যে অর্থসাহায্য বিতরণ করা হয়েছে । এই উপলক্ষে আজ হাইলাকান্দির ডঃ শশীভূষণ ইনস্টিটিউট অব এডুকেশনের খেলার মাঠে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যের মৎস্য, পশুপালন ও পশুচিকিৎসা ইত্যাদি বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । এতে হাইলাকান্দির জেলা আয়ুক্ত এন এইচ গৌতম, জেলা বিজেপি সভাপতি স্বপন ভট্টাচার্য প্রমুখ উপস্থিত ছিলেন । হাইলাকান্দি জেলায় প্রায় ৩০ কোটি টাকার সরকারী অর্থ সাহায্য বিতরণ করা হচ্ছে । অনুষ্ঠানে মন্ত্রী শ্রী পাল মৎস্য উৎপাদনে আসামকে আত্মনির্ভর করার লক্ষ্য হাতে নেওয়া হয়েছে বলেও প্রকাশ করেন ।

---

শ্রীভূমি জেলায় আজ আসাম সরকারের পক্ষ থেকে প্রদান করা মাইক্রো ফাইনান্স ইনসেন্টিভ অর্থাৎ নো ডিউজ সার্টিফিকেট, রিলিফ ডিবিটি ও সিড ক্যাপিটেলের অনুদান আনুষ্ঠানিকভাবে প্রদান করলেন রাজ্যের খাদ্য, গণবন্টন ও গ্রাহক পরিক্রমা বিষয়ক, বরাক উপত্যকা উন্নয়ন দপ্তরের মন্ত্রী কৌশিক রাই । শহরের নীলমণি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আনুষ্ঠানিকভাবে এই অনুদান বন্টন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে । শ্রীভূমির ভারপ্রাপ্ত জেলা আয়ুক্ত দীপ জিদুং’এর পৌরিহিত্যে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে মন্ত্রী কৌশিক রাই মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । এছাড়া রাতাবাড়ির বিধায়ক বিজয় মালাকার, দক্ষিণ করিমগঞ্জের বিধায়ক সিদ্দেক আহমেদ সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে মন্ত্রী শ্রী রাই রাজ্য সরকারের প্রদান করা অনুদানগুলির মাধ্যমে জনসাধারণ কীভাবে উপকৃত হচ্ছেন, সেবিষয়ে বক্তব্য রাখেন । তিনি রাজ্য সরকারের পক্ষ থেকে বন্টন করা রেশন কার্ড সহ অন্যান্য প্রকল্প সম্পর্কেও আলোচনা করেন ।

জেলার তিন হাজার ৪২৫ জন সুবিধা প্রাপককে নো-ডিউজ সার্টিফিকেট প্রদানের এই কার্যসূচীর সূচনা করা ছাড়াও বন্যা ও ঘূর্ণিঝড়ে সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত ২৩৬জনকে এক লক্ষ কুড়ি হাজার টাকা ও আংশিক ক্ষতিগ্রস্ত পাকা ঘরের জন্য ৬ হাজার ৫০০ টাকা এবং কাঁচাঘরের জন্য চার হাজার অনুদানের অর্থ সরাসরি ৪৫ হাজার ২২২জন সুবিধা প্রাপকদের ব্যাংক এ্যাকাউন্টে প্রদানের কার্যসূচীর সূচনা করা হয়। এছাড়া খাদ্য

প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের জন্য সিড ক্যাপিটেলের অনুদান বাবদ ১৭৩ টি আত্মসহায়ক গোষ্ঠীর সদস্যদের প্রয়োজনীয় অর্থ প্রদান করা হচ্ছে।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের খেল মহারনের দ্বিতীয় পর্ব আগামীকাল থেকে শুরু হবে । রাজ্যের পশুপালন ও পশু চিকিৎসা , মীন ও পূর্ত বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আগামীকাল সকাল সাড়ে নটায় চান্দখিরা খেলার মাঠে খেল মহারন প্রতিযোগীতার উদ্বোধন করবেন । আগামীকাল অ্যাথেলেটিক্স , ভলিবল ও কাবাডি প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । এছাড়া আগামী ১৮ই ডিসেম্বর ফুটবল ও স্বামী বিবেকানন্দ কলেজের সম্মেলন কক্ষে সকাল ১০টা থেকে দাবা প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । ১৯শে ডিসেম্বর মুন্ডমালা মাঠে সকাল ৮টায় ফুটবল , সকাল সাড়ে সাতটায় সাইকেল র‍্যালী অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------